

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়
ঠাকুরগাঁও

স্মারক নং:এস- ১৩/৩৪৯

তারিখ: ০৪/১২/২০১৪ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫ শিক্ষা বর্ষে ৩য় শ্রেণিতে ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ২৪০ আসনে এবং ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৪০ আসনের জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময় : আগামী ২০/১২/২০১৪খ্রি. শনিবার, সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত (এক ঘণ্টা)।

অনলাইনে ভর্তি পরীক্ষার ফরম পূরণের সময়সূচী: ০৭ ডিসেম্বর ২০১৪ সকাল ৬টা থেকে ১৭ ডিসেম্বর ২০১৪ রাত ১২টা পর্যন্ত। ১৭ ডিসেম্বর ২০১৪ রাত ১২টার পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। অনলাইন ছাড়া অন্য কোন প্রকার আবেদন গ্রহণ করা হবেনা।

(ক) ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ভর্তির জন্য (ছেলেদের জন্য) অনলাইন আবেদন ফরম পূরণের ওয়েব সাইট

www.tgbhs.edu.bd

(খ) ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ভর্তির জন্য (মেয়েদের জন্য) অনলাইন আবেদন ফরম পূরণের ওয়েব সাইট

www.admission.tgghs.edu.bd

ভর্তি পরীক্ষার বিষয় ও মান বন্টন নিম্নরূপঃ পূর্ণমান- ৫০; (বাংলা- ১৫, ইংরেজি- ১৫, গণিত- ২০ নম্বর)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত ২০১৪ শিক্ষাবর্ষের ২য় শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত মূল পাঠ্যবই থেকে শ্রেণি উপযোগী প্রশ্ন প্রণয়ন করা হবে।

আবেদনকারীর বয়স : ৩য় শ্রেণিতে ভর্তির জন্য বয়স- ০১ জানুয়ারী ২০১৫ খ্রি. তারিখে ৭ থেকে ৯ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন ফরম এর মূল্যঃ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা)। বিকাশ(bKash)এর মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে। বিকাশ করার জন্য আবেদনকারীকে বাড়তি টাকা প্রদান করতে হবেনা।

ভর্তি পরীক্ষার ফলাফল : ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পরে উত্তরপত্র মূল্যায়ন পূর্বক যথাসম্ভব দ্রুত ফলাফল প্রকাশ করা হবে। সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে। ভর্তি পরীক্ষার ফলাফল বিদ্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েব সাইট এবং এসএমএস এর মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের অভিভাবকগণকে জানানো হবে।

কোটাঃ

ক। মুক্তিযোদ্ধা কোটা (৫%) : মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে অনলাইনে আবেদন ফরম পূরণের মাধ্যমে প্রবেশ পত্র পাওয়ার পর উক্ত প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপি সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মুক্তিযোদ্ধার মূল সনদ এর সত্যায়িত ফটোকপি এবং মুক্তিযোদ্ধার সন্তান/নাতি- নাতনীর স্বক্ষে মুক্তিযোদ্ধা জেলা কমান্ডার এর প্রত্যয়ন পত্র (মূল কপি) এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে মেয়র/ইউ.পি. চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র(মূল কপি); নাতি/নাতনীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তানের এসএসসি সনদপত্র(যদি থাকে) এর সত্যায়িত কপি ১৮/১২/২০১৪খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন বিদ্যালয়ে জমা দিতে হবে এবং মুক্তিযোদ্ধা সনদের মূল কপি ভর্তির সময় প্রদর্শন করতে হবে।

খ। প্রতিবন্ধী কোটা (২%) : প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে অনলাইনে আবেদন ফরম পূরণের মাধ্যমে প্রবেশ পত্র পাওয়ার পর উক্ত প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপি সাথে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী মূল সনদ এর সত্যায়িত ফটোকপি ১৮/১২/২০১৪খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন বিদ্যালয়ে জমা দিতে হবে এবং প্রতিবন্ধী সনদের মূল কপি ভর্তির সময় প্রদর্শন করতে হবে।

গ। সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/ শিক্ষিকা ও কর্মচারী'র সন্তান কোটা(২%) : এই কোটার ক্ষেত্রে অনলাইনে আবেদন ফরম পূরণের মাধ্যমে প্রবেশ পত্র পাওয়ার পর উক্ত প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপি সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চাকুরীর প্রত্যয়ন পত্র ১৮/১২/২০১৪খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন বিদ্যালয়ে জমা দিতে হবে।

বি. দ্র. ১। ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। আপনাদের সার্বিক সহযোগিতার জন্য প্রত্যেক বিদ্যালয়ে “হেল্প ডেস্ক” থাকবে।

(মো: আবু হোসেন)

প্রধান শিক্ষক

ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়

ঠাকুরগাঁও

ও

সদস্য সচিব

ভর্তি পরীক্ষা কমিটি ২০১৫